

বাদল

অভাস্ত ভঙ্গীতে সিঁড়ি ভাঙি  
কলিং সুইচে রাখি হাত  
নেমপ্লেটে উজ্জ্বল হরফে  
মিস্টার অ্যান্ড মিসেস বরাট

একই রকম আছে, তাই  
বুঝতে পারি না লঘু ভুল  
দাঁড়িয়ে রয়েছি অন্তহীন  
দরজা খোলেনি এক চুল

ধীরে ধীরে মনে পড়ে বিগত সকাল  
আমি তো এখন ফের মিস্ সানিয়াল  
নেমপ্লেট একই থাকে তবুও তো কত সূক্ষ্মতায়  
কী সহজে শুধুমাত্র মিসেস বরাট-রা বদলে যায়।

পাপড়ি গঙ্গোপাধ্যায়

